

অপহরণের ৩৯ ঘণ্টা পর

ছাত্র ইউনিয়ন নেতা

আহতাবস্থায় উদ্ধার

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক
ছাত্র ইউনিয়নের ঢাবি শাখার
কার্যনির্বাহী সদস্য ও গণজাগরণ
মঞ্চের কর্মী আজিজুল হায়াত
কনককে অপহরণের ৩৯ ঘণ্টা পর
আহতাবস্থায় উদ্ধার করা হয়েছে।
গতকাল ভোরে তাকে
অপহরণকারীরা রাজধানীর
পাহুপথ এলাকায় ফেলে যায়।

মঙ্গলবার সন্ধ্যায় ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ফুলার রোড এলাকা
থেকে তাকে অপহরণ করা হয়।

উদ্ধারের পর কনককে ঢাকা
মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি
করা হয়। কনকের মাথায়
দুর্ঘটনাক্রমে ও শরীরের বিভিন্ন অংশে
নিখাতনের চিহ্ন রয়েছে।

হাসপাতালে কনকের বরাত দিয়ে
ঢাবি ছাত্র ইউনিয়নের সভাপতি
মারুফ বিল্লাহ তন্ময়, জ্ঞানান,
মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে
ফুলার রোড হয়ে লাশবাগে বোনের
বামায় যাচ্ছিলেন ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের
২০১১-১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী
কনক। প্রথমে ৭-৮ জন যুবক
ইচ্ছাকৃতভাবে তার হাতে
সিগারেটের ছাঁকা দেয়।
বাকবিতণ্ডার এক পর্যায়ে তাকে
কোনো রাসায়নিক বস্তু দিয়ে অজ্ঞান
করা হয়।

হাসপাতালে ঢাবির ভারপ্রাপ্ত
প্রক্টর এ এম আমজাদ
সাংবাদিকদের বলেন, যেহেতু
কনকের কাছে চাঁদা দাবির মতো
কোনো ঘটনা ঘটেনি, এবং
প্রাথমিকভাবে তার সঙ্গে কথা বলে
বোঝা যাচ্ছে, রাজনৈতিক কারণে এ
অপহরণের ঘটনা ঘটেছে পারে।

এদিকে কনকের অপহরণ রহস্য
উন্মোচন এবং বিশ্ববিদ্যালয়ের সব
শিক্ষার্থীর নিরাপত্তা সূত্রের দাবিতে
গতকাল দুপুর আড়াইটার দিকে
ঢাবির মধুর ক্যান্টিনে সংবাদ
সম্মেলন করে ছাত্র ইউনিয়ন।

এ সময় কেন্দ্রীয় সভাপতি হাসান
তারেক, সাধারণ সম্পাদক লাকী
আকতার, ঢাবি সভাপতি মারুফ
বিল্লাহ তন্ময় প্রমুখ উপস্থিত ছিলেন।